

রেজিস্টার্ড নং ডি এ-১

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ২, ২০২১

৮ম খণ্ড

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

বাংলাদেশ বোর্ড অব ইউনানী এন্ড আয়ুর্বেদিক
সিস্টেমস্ অব মেডিসিন
৭৫/বি. ইন্দিরা রোড, ঢাকা-১২১৫।

বিজ্ঞপ্তি

তারিখ : ১৩ অগ্রহায়ণ ১৪২৮/২৮ নভেম্বর ২০২১

নং বিইউএ/ক.স্বী/৩৮(অংশ)/৯৪/১০৯৫—অত্র বোর্ডের প্রস্তাব ও সুপারিশক্রমে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের গত ০৮-১১-২০২১ খ্রি. তারিখে বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজ/আইএইচটি/ম্যাটস প্রতিষ্ঠা, আসনসংখ্যা বৃদ্ধি, নবায়ন, কোর্স অনুমোদন ইত্যাদি সংক্রান্ত কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক মন্ত্রণালয়ের ২৫ নভেম্বর, ২০২১ খ্রি. তারিখের ৫৯.০০.০০০০.১৪১.০৬.০০১.২১.৭৪৪ সংখ্যক স্মারকের প্রেক্ষিতে বাংলাদেশ ইউনানী এন্ড আয়ুর্বেদিক প্র্যাকটিশনার্স অর্ডিন্যান্স ১৯৮৩ এর সেকশন ১৬(৪) এর অধীন বেসরকারি বরিশাল ইউনানী মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশালকে ইউনানী ডিপ্লোমা কোর্স চালুসহ নিম্নে বর্ণিত শর্তে অন্তর্বর্তীকালীন স্বীকৃতি প্রদান করা হলো।

শর্তাবলি :

১. স্বীকৃতি প্রাপ্তির ০২ (দুই) বছরের মধ্যে আবশ্যিকভাবে প্রতিষ্ঠানের কার্যক্রম নিজস্ব জমিতে স্থানান্তর করতে হবে।
২. প্রতিষ্ঠানের বহিঃবিভাগীয় দাতব্য চিকিৎসা সেবার পাশাপাশি নিজস্ব ভবনে ইনডোর চিকিৎসা ব্যবস্থা চালু এবং পূর্ণাঙ্গ ঔষধী বাগান প্রতিষ্ঠা করতে হবে।
৩. সরকার এবং বোর্ডের নিকট কোনোরূপ আর্থিক মঞ্জুরি দাবী কিংবা এর উপর নির্ভরশীল হওয়া যাবে না।
৪. এতদসংশ্লিষ্ট বিদ্যমান নীতিমালা এবং সময়ে সময়ে জারীকৃত বিধান ও নিয়মাবলি যথাযথভাবে মেনে চলতে হবে।

মোহাম্মদ মিজানুর রহমান
রেজিস্ট্রার (অ. দা)।